গাংনীতে দুটি প্রতিষ্ঠানের ১৭ হাজার টাকা জরিমানা

আমদানিকারকের ট্যাগ বিহীন অবৈধ বিদেশি পণ্য ও তারিখ মুল্য বিহীন নিম্নমানের অনুমোদিত কসমেটিকস বিক্রি ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল ঔষধ বিক্রয়ের অপরাধে দুটি দোকানে ১৭ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত ভ্রাম্যমাণ অভিযান।

আজ বুধবার (১৭ই মে) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয় কর্তৃক গাংনী উপজেলার গাংনী বাজার এলাকায় এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়। অভিযানে কসমেটিকস ও ফার্মেসিসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।

তিনি বলেন, গাংনী শহরের মেসার্স স্মরনীকা কসমেটিকস নামক প্রতিষ্ঠানে অভিযানে সময় বেশকিছু অসংগতি পরিলক্ষিত হয়। আমদানিকারকের ট্যাগ বিহীন অবৈধ বিদেশি পণ্য ও তারিখ মুল্য বিহীন নিম্নমানের অনুমোদিত কসমেটিকস বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: আবির হোসেনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

অপর দিকে গাংনী শহরের মেসার্স হুদা মেডিকেল হলকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল ঔষধ বিক্রয়ের অপরাধে ৩৭ ও ৫১ ধারায় ৭ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় সতর্ক করে ভালো ঔষধ ও অনুমোদিত ভালো মানের কসমেটিকস বিক্রয়ের বিষয়ে নির্দেশনা দেয়া হয়।

ভ্রাম্যমান আদালতকে সহযোগিতা করেন, জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ মশিউর রহমান ও মেহেরপুর পুলিশ লাইনের একদল সদস্য।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রাজমিস্ত্রি নিহত

কাজ করতে গিয়ে অসাবধানতা বিদ্যুতের তারে জড়িয়ে রাজমিস্ত্রি রুবেল হোসেন (২৫) নিহত হয়েছেন। রুবেল গাংনী পৌর শহরের বাঁশবাড়িয়া গ্রামের গোরস্থানপাড়া এলাকার জেল হকের ছেলে।

আজ বুধবার (১৭ মে) বেলা সাড়ে ১১টার দিকে এ দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয়দের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, রুবেল নিত্যনন্দনপুরের পন্ডিত মন্ডলের ছেলে ন্যাড়া মন্ডলের বিল্ডিংয়ে রাজমিস্ত্রির কাজ করছিলেন। অসাবধান বশত বিদ্যুতের তারে শরীর স্পর্শ করলে ,মারাত্বক ভাবে আহত হন তিনি। পরে তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে, কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনীতে ইয়াবাসহ যুবক আটক

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ২৩ পিচ ইয়াবাসহ মুওদুদ হোসেন রিকো (২৩) কে আটক করেছে গাংনী থানা পুলিশ। এ সময়ে তার কাছ থেকে একটি পুরাতন মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

মওদুদ আহাম্মেদ রিকো গাংনী পৌর সভার শিশিরপাড়া গ্রামের মোবিনুর রহমানের ছেলে।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আবুল কালাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযোন চালিয়ে তাকে ইয়াবাসহ আটক করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেন।

ইয়াবা উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর ১০(ক) ধারায় একটি মামলা হয়েছে। মামলা নং ১৫, তারিখ ১২/০৫/২৩ ইং।

আটক মওদুদ আহম্মেদকে গতকাল শনিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

থানা পুলিশের অপর অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলা নং ৯৮/২০ এর আসামি গাংনী উপজেলার চাঁদামারী গ্রামের মৃত মহাম্মদ আলীর ছেলে আশরাফ আলী (৫০ কে গ্রেফতার করা হয়েছে। এসআই জগদীস বসু সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

গাংনীতে দিনব্যাপি জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ প্রতিযোগীতা অনুষ্ঠিত

গাংনীতে নানা কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ উদযাপন করা হয়েছে। গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার শিক্ষা সপ্তাহের উদ্বোধন করেন।

গতকাল শনিবার সকাল সাড়ে ৯ টার সময় গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

এসময় বিচারক প্যানেলের বিচারক উপজেলা মৎস্য অফিসার খন্দকার শহিদ, বিআরডিবি অফিসার শাহ আলম, পাটবীজ কর্মকর্তা মেহেদী হাসানসহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। এবারের জাতীয় শিক্ষা সপ্তাহের প্রতিযোগীতায় মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, মাধ্যমিক ও কলেজ এবং মাদ্রাসা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শিক্ষক ক্যাটাগরীতে পৃথক পৃথক ভাবে সনদ পত্র ও ক্রেষ্ট পুরস্কারের নিমিত্তে প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৬ষ্ঠ শ্রেনি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত ‘ক’ গ্রুপ, ৯ম শ্রেনি থেকে

গাংনীতে এসএসসি উপকেন্দ্রের সহকারী সচিবের অব্যহতি চেয়ে ৯ শিক্ষকের আবেদন

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর কেএনএসএইচ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পরীক্ষা উপকেন্দ্রের সহকারী সচিব আব্দুল হালিমের বিরুদ্ধে বিভিন্ন ধরনের মানসিক নির্যাতনের অভিযোগ তুলে কক্ষ পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যহতি চেয়ে ৯জন শিক্ষক আবেদন করেছে।

অব্যহতির আবেদন গত বৃহস্পতিবার (১১ই মে) পরীক্ষার মূলকেন্দ্রে সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ে কেন্দ্র সচিবের কাছে জমা দেন ওই ৯জন শিক্ষক। কেএনএসএইচ মাধ্যমিক বালিকা বিদ্যালয় উপকেন্দ্রের সহকারী সচিব আব্দুল হালিমের বিরুদ্ধে অভিযোগ তুলে কক্ষ পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যহতি চাওয়া শিক্ষকেরা হলেন- কাজিপুর মাথাভাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের (৩জন শিক্ষক) সহকারী শিক্ষক তাহাজ উদ্দিন, সহকারী শিক্ষক ইয়াসমিন আক্তার, সহকারী শিক্ষক হাফিজুর রহমান। কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহানাজ পারভীন, হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের (৫জন শিক্ষক) সহকারী শিক্ষক তানভীর আক্তার, সহকারী শিক্ষক ইলিয়াস হোসেন, সহকারী শিক্ষক লাভলী খাতুন, সহকারী শিক্ষক মশিউর রহমান, সহকারী শিক্ষক বেলাল হোসেন।

বিষয়টি নিয়ে কথা হয় স্বেচ্ছায় অব্যহতি চাওয়া শিক্ষকদের সঙ্গে। তারা ওই উপকেন্দ্রের সহকারী সচিব আব্দুল হালিমের বিরুদ্ধে নানান ধরনের অভিযোগ তুলেন।

অব্যহতি চাওয়া কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পারভীন বলেন, ‘পরিক্ষার ডিউটিতে থাকা সব শিক্ষকই উপকেন্দ্র সচিবের খারাপ আচরণে অতিষ্ঠ হয়ে মূলকেন্দ্রর সচিবের নিকট লিখিত অভিযোগ দিয়েছি।

তবে কেএনএসএইচ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অভিযুক্ত সহকারী কেন্দ্র সচিব আব্দুল হালিম বলেন,’আমি নকলমুক্ত পরীক্ষা কেন্দ্র ও সুষ্ঠু পরিবেশ ঠিক রাখতে কাজ করেছি; যারা অভিযোগ করছেন তারা

আমার কেন্দ্রে পরীক্ষায় অংশ নেওয়া তাদের আত্নীয়দের ও লোকজনদের সহোযোগিতা কিংবা নকল করতে পারছেনা তাই তারা আমার বিরুদ্ধে এসব ভিত্তিহীন মিথ্যা অভিযোগ তুলছে।’

এবিষয়ে এসএসসি পরীক্ষার মূলকেন্দ্র সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের সচিব আব্দুর রশীদ বলেন, ‘একটি লিখিত অভিযোগ জমা হয়েছে উপকেন্দ্রের সহকারী সচিবের বিরুদ্ধে। বিষয়টি আমি ইউএনও’কে (উপজেলা নির্বাহী অফিসার) অবগত করেছি।’

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন,’বিষয়টি আমি অবগত হয়েছি সহকারী কেন্দ্র সচিবের সাথে সমস্যার বিষয়ে আজ শনিবার মূলকেন্দ্রের সচিব বসবেন এবং কি-হয় সেটা আমাকে জানাবে।’

শশুর বাড়ির অপমান; বিষপানকারি সেই যুবক মারা গেছেন

শশুর বাড়িতে বউ আনতে গিয়ে অপমানিত সেই যুবক রাইহান আলী মারা গেছেন। শুক্রবার দিবাগত রাত তিনটার দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজজাক এই তথ্য নিশ্চিত করেছেন। রাইহান আলী গাংনী উপজেলার তেরাইল গ্রামের বাগানপাড়া এলাকার মহিবুল ইসলামের ছেলে।

গতকাল শুক্রবার (১২ মে) দুপুরের দিকে তেরাইল গ্রামের কোদালকাটি মাঠ নামক স্থান থেকে বিষপান করা মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে নেওয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক। শশুর বাড়ির লোকজনের অপমান সইতে না পেরে আত্মহত্যা করেন রাইহান আলী (১৮)।

নাম প্রকাশ না করার শর্তে প্রতিবেশীরা জানান, তার স্ত্রীর সাথে বেশ কিছুদিন যাবৎ কলহ চলছিল। কয়েকদিন আগে তার স্ত্রী রুমিয়া

খাতুন পিতার বাড়িতে চলে যায়। গত বৃহস্পতিবার ব্উ আনতে শশুর বাড়ি বাদিয়াপাড়া গ্রামে যান রাইহান। শশুরবাড়ি গেলে তার বউ ভাত খাবেনা বলে জানিয়ে দেন। এছাড়া শশুর বাড়ির লোকজন অপমান করে তাড়িয়ে দেন। এঘটনায় ক্ষোভে হতাশা আর অভিমানে গতকাল শুক্রবার দুপুরের দিকে ওই মাঠে গিয়ে বিষপান করে। তাকে মূমূর্ষ অবস্থায় মাঠে পড়ে থাকতে দেখে মাঠের লোকজন উদ্ধার করে বাড়িতে নেন। পরে বাড়ির লোকজন তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে ভর্তি করে। সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিলে রাতে তার মৃত্যু হয়।

গাংনীতে শশুর বাড়ি থেকে বউ আসছে না তাই; আত্ম*হত্যার চেষ্টা স্বামীর

শশুর বাড়িতে বউ আনতে গিয়ে অপমানিত। অপমান সইতে না পেরে আত্মহত্যার চেষ্টা করেছেন স্বামী রাইহান আলী (১৮)। রাইহান আলী গাংনী উপজেলার তেরাইল গ্রামের বাগানপাড়া এলাকার মহিবুল ইসলামের ছেলে।

আজ শুক্রবার দুপুরের দিকে তেরাইল গ্রামের কোদালকাটি মাঠ নামক স্থান থেকে বিষপান করা মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়েছে।

তবে, তার অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) মারুফ ।

নাম প্রকাশ না করার শর্তে প্রতিবেশীরা জানান, তার স্ত্রীর সাথে বেশ কিছুদিন যাবৎ কলহ চলছিল। কয়েকদিন আগে তার স্ত্রী রুমিয়া খাতুন পিতার বাড়িতে চলে যায়। গতকাল বৃহস্পতিবার বউ আনতে শশুর বাড়ি বাদিয়াপাড়া গ্রামে যান রাইহান। শশুরবাড়ি গেলে তার বউ ভাত খাবেনা বলে জানিয়ে দেন। এছাড়া শশুর বাড়ির লোকজন অপমান করে তাড়িয়ে দেন।

এঘটনায় ক্ষোভে হতাশা আর অভিমানে গতকাল শুক্রবার দুপুরের দিকে ওই মাঠে গিয়ে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করেন। তাকে মূমূর্ষ অবস্থায় মাঠে পড়ে থাকতে দেখে মাঠের লোকজন উদ্ধার করে বাড়িতে নেন। পরে বাড়ির লোকজন তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

বর্তমানে সে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। তবে তার অবস্থা আশংকামুক্ত নয়।

গাংনীর আব্দুল আলীম হত্যা মামলায় পিতা-পুত্র গ্রেফতার

জমি সংক্রান্ত বিরোধের জের ধরে গাংনীর পল্লী মহম্মদপুর গ্রামের ভ্যান চালক আব্দুল আলীম হত্যা মামলার এজাহার নামীয় ৩ নং আসামি সেন্টু ও ৬ নং আসামি তার পিতা সাইদুল ইসলাম ওরফে সাদুকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।
আজ শুক্রবার (১২ মে) দুপুরের দিকে তাদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।
ওসি আব্দুর রাজ্জাক বলেন, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে বৃহস্পতিবার(১১ মে) বিকালের দিকে কুষ্টিয়ার দৌলতপুর থানার কাতলামারী গ্রামে তার আত্মীয় বাড়িতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।
গ্রেফতারকৃত সেন্টু মামলার এজাহার নামীয় ৩ নং আসামি এবং তার পিতা সাইদুল ইসলাম ওরফে সাদু এই মামলার ৬ নং আসামি।
গত মাসের শুক্রবার (২৮ এপ্রিল) সকালে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের মহাম্মদপুর গাইন পাড়া এলাকায় বিরোধপূর্ণ জমিতে আব্দুল আলীমকে হত্যা করে।

গত মাসের (২৮ এপ্রিল) সকালে চাচা খলিলুর রহমানকে দিয়ে আব্দুল আলীমকে মাঠে ডেকে নিয়ে যায়। যেখানে আব্দুল কাদেরের ছেলে বান্টু,

আব্দুল হান্নান, সুদু ও তার ছেলে সেন্টু, আব্দুল হান্নানের ছেলে রাশেদ, ইঞ্জিনিয়ার রাসেল আহম্মেদ দেশিয় অস্ত্র হাসুয়া, রামদা, ফলা, ঢাল নিয়ে সেই জমিতে আগে থেকে ওঁত পেতে থাকে। আব্দুল আলীম ওই মাঠে পৌঁছানো মাত্রই তারা সবাই মিলে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ও ফলা দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করে এবং মৃত্যু নিশ্চিত করে চলে যায়।
এই ঘটনায় নিহতের স্ত্রী মনোয়ারা বেগম বাদী হয়ে একটি হত্যা মামলা দায়ের করেন। মামলা হওয়ার কয়েক দিন পর আব্দুল হান্নানকে গ্রেফতার করেন গাংনী থানা পুলিশ। এনিয়ে ৩ আসামি গ্রেফতার হলো।

গাংনীর বেতবাড়ীয়ায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের সহোযোগিতা করলেন ইউএনও

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের বেতবাড়ীয়া গ্রামের বিশ্বাস পাড়ায় গত মঙ্গলবার (৯ই মে) বিকেলে আগুন লেগে ৩টি পরিবারের বসতঘর, আসবাবপত্র সহ ২টি ছাগল ও ১টি গরু পুড়ে যায়। এতে ওই ৩টি পরিবারের ২লক্ষাধীক টাকার ক্ষয়ক্ষতি হয়। যা নিয়ে সংবাদ প্রকাশ করে দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকা।

এ ঘটনার একদিন না পেরুতেই বুধবার (১০ই মে) গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু ক্ষতিগ্রস্ত ওই ৩টি পরিবারের সাথে দেখা করে সান্ত্বনা দেওয়া সহ সহোযোগিতার হাত বাড়িয়ে দেন।

এসময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে উপস্থিত ছিলেন কাজিপুর ইউনিয়ন পরিষদের ৮ নং ওয়ার্ডের মেম্বার সাইদুল ইসলাম, ৬ নং ওয়ার্ডের মেম্বার মোঃ মহিবুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক রেজাউল হক, ফারুক হোসেন সহ অনেকেই।

উল্লেখ্য: মঙ্গলবার (৯ই মে) বিকেল সাড়ে ৩টার দিকে বেতবাড়ীয়া গ্রামের জলিল উদ্দিনের রান্না ঘরে হঠাৎ করেই আগুন লেগে যায়। মুহুর্তের মধ্যেই আগুন ছড়িয়ে পড়ে আশেপাশে। স্থানীয়রা আগুন

নেভানোর চেষ্টা করেও ব্যার্থ হয়। ফলস্বরূপ পার্শ্ববর্তী ফজল বিশ্বাস ও নাজির উদ্দিন বিশ্বাসের বসতঘর আগুন লেগে যায়। পরে খবর পেয়ে বামন্দী ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণ করে।

গাংনীর বেতবাড়ীয়ায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ৩টি পরিবার

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়ীয়া গ্রামের বিশ্বাস পাড়ায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আজ মঙ্গলবার (৯ই মে) বিকেল সাড়ে ৩টার দিকে রান্না ঘরের চুলায় থেকে এ অগ্নিকাণ্ডের সূত্রপাত ঘটে। এতে ক্ষতিগ্রস্ত ৩টি পরিবারের ২ লক্ষাধীক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

স্থানীয়রা জানান, বিকেলের দিকে বেতবাড়ীয়া গ্রামের জলিল উদ্দিনের রান্না ঘরে হঠাৎ করেই আগুন লেগে যায়। মুহুর্তের মধ্যেই আগুন ছড়িয়ে পড়ে আশেপাশে। স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করেও ব্যার্থ হয়। ফলস্বরূপ পার্শ্ববর্তী ফজল বিশ্বাস ও নাজির উদ্দিন বিশ্বাসের বসতঘর আগুন লেগে যায়। পরে খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণ করে।

বামন্দী ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা ইসাহাক আলী জানান, আমারা ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়েছি। অগ্নিকাণ্ডে ২ লক্ষ টাকার অধিক ক্ষয়ক্ষতি হয়েছে। ২টি ছাগল আগুন পুড়ে মারা গেছে এবং একটি গরুও মারাত্মক ভাবে পুড়ে গেছে। বসতঘর সহ প্রয়োজনিও আসবাবপত্র পুড়ে ছায় হয়েছে। রান্নাঘরের চুলায় থেকে আগুনের সূত্রপাত ঘটেছে; এধরণের ঘটনা এড়াতে আগুনের ব্যবহারে অসাবধানতা দূর করে সচেতন হওয়া জরুরি।

এদিকে অগ্নিকাণ্ডের ঘটনার খবর পেয়ে কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহা: আলম হুসাইনের নির্দেশে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ৩টি পরিবারকে তাৎক্ষণিক সহোযোগিতা করা হয়েছে।

কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহা: আলম হুসাইন বলেন, আমার